



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিভাগ



বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি: এ বি এম আবদুল ফাত্তাহ
চেয়ারম্যান, পেট্রোবাংলা
সভার তারিখ: ০৭.০৩.২০২১ খ্রি.
সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা
স্থান: জুম প্লাটফর্ম
উপস্থিতি: রেকর্ডেড


১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষ্যে গৃহীতব্য কর্মকান্ড সভায় তুলে ধরেন। সভায় স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে গৃহীতব্য কর্মকান্ডের সামগ্রিক অবস্থা পর্যালোচনা করে সভাপতি মহোদয় নির্ধারিত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। বিস্তারিত আলোচনা পর স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১	জাতীয় পতাকা উত্তোলন	২৬শে মার্চ ২০২১ তারিখে পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানি তাদের নিজ নিজ ভবনে পতাকা বিধিমালা ১৯৭২ অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সেবা বিভাগ, পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.২	১৬ই ডিসেম্বর ২০২১ তারিখে সুবর্ণজয়ন্তী র্যালিতে অংশগ্রহণ	পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল ঢাকাস্থ কোম্পানি (টিজিটিডিসিএল, বাপেক্স, জিটিসিএল এবং আরপিজিসিএল) ১৬ই ডিসেম্বর ২০২১ তারিখে সুবর্ণজয়ন্তী র্যালিতে জেলা প্রশাসন, ঢাকার সাথে যোগাযোগ করে র্যালিতে অংশগ্রহণ করবে এবং ঢাকার বাইরের কোম্পানিসমূহ স্ব স্ব জেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে সংশ্লিষ্ট দিনগুলোতে সুবর্ণজয়ন্তী র্যালিতে অংশগ্রহণ করবে।	পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.৩	বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান	স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের অবদানের প্রতি কৃতজ্ঞতাস্বরূপ মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করতে হবে। সংবর্ধনার যাবতীয় ব্যয় পেট্রোবাংলার আওতাধীন কোম্পানির CSR ফান্ড হতে নির্বাহ করতে হবে।	সকল কোম্পানি
২.৪	শিক্ষা প্রতিষ্ঠান, গ্রন্থাগার এবং মুক্তিযুদ্ধ কর্নারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই বিতরণ	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে পেট্রোবাংলার কোম্পানিসমূহ তাদের CSR ফান্ড হতে শিক্ষা প্রতিষ্ঠান, গ্রন্থাগার এবং মুক্তিযুদ্ধ কর্নারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই বিতরণ করবে।	সকল কোম্পানি

ক্রম	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.৫	ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্নার স্থাপন	পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানি তাদের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্নার স্থাপন করবে। একই সাথে নিয়মিতভাবে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।	আইটি ডিপার্টমেন্ট, পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.৬	জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি গ্রহণ	পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ জেলা-উপজেলায় জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি গ্রহণ করবে।	সকল কোম্পানি
২.৭	বাজেট	পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানি স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়নে ব্যয়ভার নিজস্ব বাজেট থেকে বহন করবে।	পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.৮	মনিটরিং কমিটি গঠন	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষ্যে পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানির গৃহীত কর্মসূচী সুষ্ঠু ও সূচারুরূপে বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে মনিটরিং কমিটি গঠন করতে হবে।	পেট্রোবাংলা

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এ বি এম আবদুল ফাওহ)
চেয়ারম্যান, পেট্রোবাংলা